

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২১-৪৩৩

তারিখ : ২৪ কার্তিক ১৪৩০  
৯ নভেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

যেহেতু, কুড়িগ্রাম জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) (সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা) জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অধিদপ্তরের পরিদর্শক (আই. আর. ও) এবং মহাপরিদর্শক, নিবন্ধন-এর পি.এ-কে গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে অশালীন ব্যবহার এবং অশ্রাব্য ও অকাট্য ভাষায় গালাগালি করার অভিযোগের প্রেক্ষিতে গত ২১-০৯-২০২২ খ্রি. তারিখে সরেজমিনে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৯-১২-২০২২ খ্রি. তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, “অভিযুক্ত জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম, জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম (সাময়িকভাবে বরখাস্তকৃত)-এর স্বীকারোক্তি, রাত্ত্রপক্ষের সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনায় এবং পারিপার্শ্বিকতা বিবেচনায় তিনি গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অভিযোগ বিবরণীতে উল্লিখিত কর্মকর্তাদের সাথে শালীনতা না দেখিয়ে অসংগত, চাকরি শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত আচরণ করেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে।”;

৩। যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে ‘চাকুরী হতে বরখাস্ত’ করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম গত ২৪-০২-২০২২ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ২০-০৭-২০২২ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ১৯-১২-২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে গত ২৭-০৬-২০২১ খ্রি. তারিখ টেলিফোনে নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শকসহ অন্যান্য কর্মকর্তাদের সাথে শালীনতা না দেখিয়ে অসংগত, চাকরি শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত আচরণ করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন তাঁকে ‘চাকুরী হতে বরখাস্ত’ বা বিধিতে বর্ণিত কোনো দণ্ড প্রদান করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম কর্তৃক গত ২৪-০২-২০২২ ও ২০-০৩-২০২৩ খ্রি. তারিখে কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাব এবং ২০-০৭-২০২২ ও ২০-০৮-২০২৩ খ্রি. তারিখের ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে ‘তিরস্কার’ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৭। সেহেতু, কুড়িগ্রাম জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) (সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা) জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম-এর বিরুদ্ধে রঞ্জুকৃত ০২/২০২১ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে শয্যুদণ্ড হিসেবে 'তিরস্কার' প্রদান করা হলো। একই সাথে এ বিভাগের গত ১৯-০৭-২০২১ খ্রি. তারিখের নম্বর : ১০.০০.০০০০. ১৩০.২৭.০০২.২১-১২০ প্রজ্ঞাপনমূলে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ গোলাম সারওয়ার)

সচিব


নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২১-৪৩৩/১(১০)

তারিখ : ২৪ কার্তিক ১৪৩০

৯ নভেম্বর ২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬. জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
৮. জনাব এ. এইচ. মুজাহিদুল ইসলাম, জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা)।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি/গার্ড ফাইল।



(মোঃ মাসুদ-উর-রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৪১০৫২১৭২